

## সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৩৯৮

৮/ সওম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ ২৩৩, সফরে রোযা রাখা।

# باب الصَّوْم فِي السَّفَرِ

#### আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ صَالِحٍ، وَوَهْبُ بْنُ بَيَانٍ، \_ الْمَعْنَى \_ قَالاَ حَدَّثَنَا ابْنُ وَهْب، حَدَّتَنِ مُعَاوِيَةُ، عَنْ رَبِيعَةَ بْنِ يَزِيدَ، أَنَّهُ حَدَّتَهُ عَنْ قَزَعَةَ، قَالَ أَتَيْتُ أَبَا سَعِيدِ الْخُدْرِيَّ وَهُوَ يُفْتِي الْنَّاسَ وَهُمْ مُكِبُّونَ عَلَيْهِ فَانْتَظَرْتُ خَلْوَتَهُ فَلَمَّا خَلاَ سَأَلْتُهُ عَنْ صِيَامٍ رَمَضَانَ فِي السَّفَرِ فَقَالَ خَرَجْنَا مَعَ النَّبِيِّ صلى الله عليه وسلم فِي رَمَضَانَ عَامَ الْفَتْحِ فَكَانَ رَسُولُ اللهِ عليه وسلم يَصُومُ وَنَصُومُ حَتَّى بَلَغَ مَنْزِلاً مِنَ الْمَنَازِلِ فَقَالَ " إِنَّكُمْ قَدْ دَنوْتُمْ صِلى الله عليه وسلم يَصُومُ وَنَصُومُ حَتَّى بَلَغَ مَنْزِلاً مِنَ الْمَنَازِلِ فَقَالَ " إِنَّكُمْ قَدْ دَنوْتُمْ مِنْ عَدُوّكُمْ وَالْفِطْرُ وَمِنَا الْمُفُطِرُ \_ قَالَ \_ ثُمَّ سِرْنَا مَنْزِلاً فَقَالَ " إِنَّكُمْ تُصبَحُونَ عَدُوّكُمْ وَالْفِطْرُ أَقْوَى لَكُمْ فَأَوْطُرُوا " . فَكَانَتْ عَزِيمَةً فَنَزَلْنَا مَنْزِلاً فَقَالَ " إِنَّكُمْ تُصبَحُونَ عَدُوّكُمْ وَالْفِطْرُ أَقْوَى لَكُمْ فَأَفْطِرُوا " . فَكَانَتْ عَزِيمَةً مَنْ رَسُولِ اللّهِ صلى الله عليه وسلم . قَالَ أَبُو سَعِيدٍ ثُمَّ لَقَدْ رَأَيْتُنِي أَصُومُ مَعَ النَّبِيّ صلى الله عليه وسلم قَبْلَ ذَلِكَ وَبَعْدَ ذَلِكَ .

#### বাংলা

২৩৯৮. আহমদ ইবন সালিহ ..... কাযা'আ (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি (মদীনাতে) আবূ সাঈদ আল্ খুদরী (রাঃ) এর নিকট গমন করি। ঐ সময় তিনি প্রচুর জনসমাগমের মধ্যে ফাতওয়া প্রদানে রত ছিলেন। এরপর আমি তাঁর সাথে একান্তে সাক্ষাতের আশায় অপেক্ষা করতে থাকি। পরে তিনি একটু অবসর হলে আমি তাঁকে সফরের মধ্যে রামাযানের রোযা রাখা সম্পর্কে প্রশ্ন করি। তিনি বলেন, মক্কা বিজয়ের সময় রামাযান মাসে আমরা নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে বের হই। এরপর রাস্লুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রোযা রাখলে আমরাও রোযা রাখি। পরে একটি মন্যিলে উপনীত হওয়ার পর তিনি ইরশাদ করেনঃ তোমরা তোমাদের শক্রদের নিকটবর্তী হয়েছ। কাজেই এখন তোমাদের জন্য ইফতার অধিক শক্তি সঞ্চয়ের কারণ হবে।

এমতাবস্থায় আমরা কেউ কেউ রোযা রাখি এবং কেউ কেউ ইফতার করি। রাবী বলেন, আমরা আরো সম্মুখ দিয়ে অগ্রসর হওয়ার পর, তিনি ইরশাদ করেনঃ তোমরা আগামীকাল সকালে তোমাদের শক্রদের সাথে মুকাবিলায়



পৌঁছাবে। কাজেই তোমাদের ইফতার করা, অধিক শক্তি সঞ্চয়ের কারণ হবে। আর তোমরা সকলে ইফতার করো। আর এটা ছির রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর পক্ষ হতে নির্দেশ স্বরূপ। আবূ সাঈদ বলেন, এর পূর্বে ও পরে আমি নবী করীম সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর সাথে রোযা রাখি এবং ইফতারও করি।

### **English**

#### Narrated Qaza'ah:

I came to Abu Sa'id al-Khudri while he was giving his legal opinion to the people who bent down on him. So I waited to see hi when he was alone. When he became alone, I asked him about keeping fast while travelling. He said: we went out along with the Prophet () in Ramadan in the year of conquest of Mecca. The Messenger of Allah () fasted and we fasted until he reached a certain stage. He said: You have come near your enemy; the breaking of fast will bring you more strength. Then morning came when some of us fasted and other broke their fast. He (Abu Sa'id al-Khudri) said: We then proceeded and alighted at a stage. He said: You are going to attack your enemy tomorrow morning; breaking the fast will bring you more strength; so break your fast (i.e. do not keep fast). This resolution (of breaking the fast) took place (due to the announcement) from the Messenger of Allah ().

Abu Sa'id said: Then I found myself keeping fast along with the Prophet () before and after that.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ কার্য'আ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন